

বাড়ি বসে বেথুনের উপরে তথ্যচিত্র

নিজস্ব সংবাদদাতা

ঘরে বসেই বেথুন সাহেবের উপরে তথ্যচিত্র বানাচ্ছেন বেথুন কলেজের কয়েক জন ছাত্রী।

আজ বুধবার ১২ অগস্ট, শিক্ষাবিদ জন ইলিয়ট ডিঙ্কওয়াটার বেথুনের মৃত্যুদিন। প্রতি বছর এই দিনে 'বেথুন ডে' পালন করে বেথুন কলেজ। বেথুনের সমাধিতে মালা দেওয়া, বৃক্ষরোপণ-সহ নানা অনুষ্ঠান হয় কলেজে। এ বার করোনা অতিমারিতে সবই বন্ধ। কলেজের অধ্যক্ষ কৃষ্ণা রায় বলেন, "ছাত্রীদের তো কলেজে আসতে বলতে পারব না। আবার বেথুন ডে-তে কিছু হবে না সেটাই বা কী করে হয়? কয়েক জন ছাত্রী ঘরে বসেই তাই বেথুন সাহেবের উপরে তথ্যচিত্র তৈরি করছে।

আমরা কয়েক জন শিক্ষিকা অবশ্য বেথুনের সমাধিতে মালা দেব।"

২০ থেকে ২৫ মিনিটের তথ্যচিত্রে মেয়েদের জন্য শিক্ষায় বেথুনের অবদান ও নানা কাজের কিছু অংশকে তুলে ধরা হবে বলে জানান কলেজের শিক্ষিকা সুদেষ্ণা মিত্র। তিনি এই তথ্যচিত্র তৈরির সময়ের কাজ করছেন। তিনি জানান, তাঁদের কলেজের ফোটাগ্রাফি ক্লাবের ১০ জন ছাত্রী তথ্যচিত্র তৈরিতে উদ্যোগী হয়েছিল। বেথুন সাহেবের কিছু ছবি জোগাড় করে, কলেজের পুরনো ছবি, বেথুনের সমাধিস্থল ও অন্যান্য সব ছবি নিয়ে ছাত্রীরা বাড়ি থেকে নিজের মতো করে ভিডিয়ো শুট করছে। বেথুন সাহেব সখকে বলেছেন বিশিষ্টেরাও।

তবে শুধু বেথুনের উপরে

তথ্যচিত্রই নয়, প্রতিবারের মতো এ বার বৃক্ষরোপণও হবে বলে জানান প্রিন্সিপাল কৃষ্ণাদেবী। তিনি বলেন, "এ বার আমপানে কলেজের প্রচুর গাছ ক্ষতিগ্রস্ত হয়েছে। আমরা কয়েক জন বেথুন ডে তে কলেজ বৃক্ষরোপণ করব। ছাত্রীদেরও বলেছি বাড়িতে গাছ লাগাতে। কলেজ খুললে সেই সব গাছ বাড়ি থেকে এনে কলেজে লাগিয়ে দেবে।"



ইস্ট সেন্ট্রাল বেনওয়ে



ই-টেক্সটার নোটিস

ই-টেক্সটার নোটিস নং ১১ নিম্নোক্তের ২০২০-২১ (ওপেন)-ইন্ট্রা/ ডিডিইউ, ভারতের রাষ্ট্রপতির পক্ষে ডিআরএম/ ইন্ট্রা/ ডিডিইউ কর্তৃক বেনওয়ে, সিপিডব্লিউ, বিএসএনএল, এমইএস, সিডিডব্লিউ এবং অন্যান্য সরকারি ক্ষেত্রের সংশ্লিষ্ট সঠিক জমিদারকৃত কারিগরি